গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা- ১২১২
www.dgme.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৫.১০১৯ তারিখ: ২৬/০১/২০২৫ খ্রি.

**২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের ভর্তি বিজ্ঞপ্তি**

**বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত 'মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিট এ এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা- ২০২৫' অনুযায়ী বেসরকারি মেডিকেল কলেজসমূহে এমবিবিএস কোর্সে দেশি শিক্ষার্থীদের অনলাইনে নির্ধারিত ছকে আবেদন আহ্বান করা হচ্ছে:**

১. অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের টেলিটক এর মাধ্যমে অনলাইনে (http://dgme.teletalk.com.bd) আবেদন করতে হবে। ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীরা অনলাইন আবেদন প্রক্রিয়ায় অংশগ্রহন করতে পারবেন।

২. অনলাইনে আবেদন পুরণ করার সময় বিস্তারিত নির্দেশাবলি ***www.dgme.gov.bd*** ও ***www.dghs.gov.bd*** ভালোভাবে পড়ে, বুঝে, নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে পূরণ করতে হবে। আবেদন ফি ২০০ (দুইশত) টাকা শুধু প্রি-পেইড টেলিটকের মাধ্যমে জমা দিতে হবে।

| | | |
|---|---|---|
| ৩. | অনলাইনে বিজ্ঞপ্তি প্রকাশ | : ২৩-০১-২০২৫ খ্রি. |
| ৪. | অনলাইন আবেদন শুরুর তারিখ | : ০৩-০২-২০২৫ খ্রি. (দুপুর ১২.০০ টা) |
| ৫. | অনলাইন আবেদনের শেষ তারিখ | : ০৯-০৩-২০২৫ খ্রি. (রাত ১১.৫৯ টা) |
| ৬. | আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ১০-০৩-২০২৫ খ্রি. (রাত ১১.৫৯ টা) |
| ৭. | তালিকা প্রকাশ ও এসএমএস প্রদানের তারিখ | : ১৭-০৩-২০২৫ খ্রি. |
| ৮. | ১ম নিশ্চায়নের শেষ তারিখ | : ১৯-০৩-২০২৫ খ্রি. |
| ৯. | দ্বিতীয় নিশ্চায়নের এসএমএস প্রদানের তারিখ | : ২২-০৩-২০২৫ খ্রি. |
| ১০. | দ্বিতীয় নিশ্চায়নের শেষ তারিখ | : ২৫-০৩-২০২৫ খ্রি. |
| ১১. | ওয়েব সাইটে তালিকা প্রকাশ | : ২৭-০৩-২০২৫ খ্রি. |
| ১২. | ভর্তি শুরুর তারিখ | : ০৩-০৪-২০২৫ খ্রি. |
| ১৩. | ভর্তির শেষ তারিখ | : ১২-০৪-২০২৫ খ্রি. |

১৪. অনলাইন আবেদন: শিক্ষার্থীকে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে এমবিবিএস ভর্তি পরীক্ষার জন্য ব্যবহৃত USER ID ও Password এর মাধ্যমে টেলিটক সফটওয়্যারে MBBS Non Government ট্যাব নির্বাচন করে ওয়েব লিংক এ লগ ইন করতে হবে। বেসরকারী মেডিকেল কলেজে ভর্তির জন্য আবেদন করার সময় প্রার্থীরা ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষের এমবিবিএস ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য যে প্রমাণপত্র ব্যবহার করেছেন তা সিস্টেম দ্বারা স্বয়ংক্রিয়ভাবে যাচিত হবে।

১৫. ওয়েব লিংক এ প্রদর্শিত মেডিকেল কলেজ সমূহ হতে তার পছন্দক্রম উল্লেখ করে আবেদন করবে। পরবর্তীতে আবেদন পছন্দক্রম ও মেধা অনুযায়ী স্বয়ংক্রিয় সফটওয়্যার এর মাধ্যমে শিক্ষার্থীর জন্য যোগ্য মেডিকেল কলেজ নির্ধারিত হবে। এ ক্ষেত্রে আবশ্যিকভাবে ছেলেদের ৬১ টি মেডিকেল কলেজ ও মেয়েদের ৬৭ টি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করতে হবে।

১৬. শিক্ষার্থীকে দুটি অপশনের মধ্যে যেকোনো একটি বেছে নিতে হবে, (ক) নিজ অর্থায়নে ভর্তিচ্ছু (খ) মেধাবী এবং অস্বচ্ছল কোটায় ভর্তিচ্ছু। একটি পছন্দক্রম উল্লেখ করলে স্বংয়ক্রিয়ভাবে অন্য পছন্দক্রম তার জন্য নিস্ক্রিয় হয়ে যাবে। যদি কোন প্রার্থী মেধাবী ও অস্বচ্ছল কোটায় আবেদনে ইচ্ছুক হন তবে অনলাইন আবেদন পত্রে শিক্ষার্থীর বৈধ অভিভাবকের বাৎসরিক আয়, স্থাবর সম্পত্তির টাকায় মূল্যমান ও অস্থাবর সম্পত্তির টাকায় মূল্যমান নির্ধারিত ট্যাব ও এতদ্বসংক্রান্ত অন্যান্য তথ্যের ড্রপ ডাউন বক্স হতে নির্ধারন করে দিতে হবে এবং সব শেষে অঙ্গীকার নামায় ক্লিক করতে হবে।

১৭. আবেদনকারীগণ সম্পূর্ণভাবে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে নির্বাচিত হবেন; অর্থাৎ আবেদনকারীগণকে প্রথমে মেধা ক্রমানুসারে সাজিয়ে একের পর এক বরাদ্দের জন্য নির্বাচন করা হবে। কোন একজন আবেদনকারীকে বরাদ্দের ক্ষেত্রে তার পছন্দের তালিকার ক্রমানুযায়ী প্রথম যেই বেসরকারি মেডিকেল কলেজে আসন ফাঁকা থাকবে সেখানেই তাকে বরাদ্দ দেয়া হবে। তবে বরাদ্দের সময় যদি সব বেসরকারি মেডিকেল কলেজেই আসন পূর্ণ হয়ে যায় তবে সেই আবেদনকারীকে অপেক্ষমাণ তালিকায় রাখা হবে।

১৮. বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য অনলাইন ফি ২০০ (দুইশত) টাকা আবেদন দাখিলের সময় টেলিটক প্রি-পেইড নম্বর হতে প্রদান করতে হবে। প্রার্থী মেধাক্রম অনুযায়ী কোন মেডিকেল কলেজে ভর্তির সুযোগ প্রাপ্ত হবেন তা এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচিত প্রার্থীকে টেলিটক প্রি-পেইড নম্বর হতে ১০০ টাকা প্রদান করে নিশ্চিত করতে হবে তিনি যে কলেজের জন্য নির্বাচিত হয়েছেন সেই কলেজে এবং পরবর্তিতে মাইগ্রেশনের সময় তার অধিকতর পছন্দের কলেজের জন্য নির্বাচিত হলে সেই কলেজে ভর্তি হতে সম্মত আছেন। যদি তিনি তার বরাদ্দকৃত আসনটি নিশ্চিত না করেন, তাহলে বরাদ্দকৃত আসনটি খালি বলে ধরে নেয়া হবে এবং ভর্তি নিশ্চায়ন না করায় তাকে পরবর্তীতে বেসরকারি অন্য কোনো মেডিকেল কলেজে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।

প্রথমবার নিশ্চায়নের জন্য নির্ধারিত তারিখ শেষে শূন্য থাকা আসনসমুহে (যদি থাকে) ২য় পর্যায়ের বরাদ্দের কার্যক্রম শুরু হবে। ২য় পর্যায়ের বরাদ্দের জন্য নতুন কোন আবেদন করার প্রয়োজন নেই, বরং প্রথমবার আবেদনকৃত প্রার্থীদের মধ্য থেকেই স্বয়ংক্রিয় পদ্ধতিতে ২য় পর্যায়ের বরাদ্দ সম্পন্ন করা হবে। এক্ষেত্রে, শূন্য আসনসমূহে শুরুতে প্রথমবারে বরাদ্দকৃত আবেদনকারীদের মধ্য থেকে মাইগ্রেশনের মাধ্যমে ও পরবর্তীতে শূন্য আসন পুরনের জন্য অপেক্ষমান তালিকা হতে আবেদনকারীদেরকে নতুনভাবে নির্বাচন করা হবে। দুটি ক্ষেত্রেই বরাদ্দের প্রক্রিয়া সম্পূর্ণভাবে মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে সম্পন্ন করা হবে। ২য় বারে অপেক্ষমান তালিকা হতে নির্বাচিত প্রার্থীকে সর্বোচ্চ ৫ দিনের মধ্যে টেলিটকের ওয়েবসাইটের মাধ্যমে পুনরায় ১০০ টাকা প্রদান করে নিশ্চায়ন করতে হবে যে তিনি যে কলেজের জন্য নির্বাচিত হয়েছেন, সেখানে ভর্তি হতে সম্মত আছেন।

১৯. ২য় পর্যায়ের নির্বাচন শেষে, মাইগ্রেশন ও নুতনভাবে বরাদ্দকৃত, উভয় ধরনের আবেদনকারীদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রার্থীদেরকে এস.এম.এস. এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

২০. দ্বিতীয় বরাদ্দের নিশ্চিতকরণের সময়সীমার পরে, প্রথম এবং দ্বিতীয় উভয় মনোনয়ন প্রাপ্ত নিশ্চায়নকারী ভর্তিচ্ছু শিক্ষার্থীগণ সরকার নির্ধারিত ভর্তি ফি প্রদান করে নির্বাচিত কলেজে ভর্তি হতে পারবে। এক্ষেত্রে ভর্তির সময় প্রাথমিকভাবে ০১ (এক) লক্ষ টাকা প্রদান করে ভর্তি হবেন। সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অবশিষ্ট অর্থ পরবর্তী সময়ে কলেজে জমা প্রদান করবেন। ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়ায় কোন শিক্ষার্থী অন্য কোন কোনো কলেজে আসন বরাদ্দ প্রাপ্ত হলে কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থী কর্তৃক দাখিল যোগ্য মুল সনদপত্রের সাথে উল্লিখিত ০১ (এক) লক্ষ টাকা মাইগ্রেশনকৃত কলেজে চেকের মাধ্যমে স্থানান্তর করবেন।

২১. জাতীয় মেধা তালিকার শিক্ষার্থীদের মধ্যে যারা বেসরকারি মেডিকেল কলেজে মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তি হতে আগ্রহী, তারা অনলাইনে বেসরকারি মেডিকেল কলেজের তালিকা হতে নিজের পছন্দ ক্রমানুসারে আবেদন করবেন। মেধাবী-অস্বচ্ছল কোটায় আবেদনের জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক নির্ধারিত 'অস্বচ্ছলতা' প্রমাণের শর্তসমূহ ওয়েবসাইটে উল্লেখ করা থাকবে এবং তদানুযায়ী আবেদন দাখিল করতে হবে। যারা এই কোটায় আবেদন করবেন, তারা শুধু মেধাবী-অস্বচ্ছল কোটার আসনসমুহের জন্য নির্বাচিত হবেন। মেধাবী-অস্বচ্ছল কোটায় ভর্তিচ্ছুদের অস্বচ্ছলতার দালিলিক প্রমাণ মিথ্যা বা ভুল প্রমাণিত হলে আবেদন বাতিল হবে এবং অপরাধ হিসাবে গণ্য হবে। মেধাবী-অস্বচ্ছল কোটায় আবেদনকারীদের মধ্য হতে মেধা ও স্কোরের ভিত্তিতে মেধাবী-অস্বচ্ছল কোটার মোট আসনের ৪ (চার) গুণ শিক্ষার্থীদের স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কেন্দ্রীয়ভাবে মনোনয়ন প্রদান করে কলেজগুলোর মধ্যে বন্টন করবে। সংশ্লিষ্ট কলেজের পরিচালনা পর্ষদ মনোনীত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করে সর্ব সম্মতিক্রমে কোটায় সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা চূড়ান্ত করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করবে। কলেজ ভিত্তিক মেধাবী ও অস্বচ্ছল কোটার আসন সংখ্যা নির্ধারিত থাকায় বর্ণিত কোটায় নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তির পর ঐচ্ছিক মাইগ্রেশনের আবেদন গ্রহণযোগ্য নয়।

২২. ঐচ্ছিক মাইগ্রেশন প্রক্রিয়া চূড়ান্ত হওয়ার পর কোনো শিক্ষার্থী ভর্তি বাতিল করলে তার অনুমোদন সম্পূর্ণভাবে সংশ্লিষ্ট কলেজের ব্যবস্থাপনায় ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে আর্থিক বিষয়াদির দায়দায়িত্ব স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর বহন করবে না।

২৩. সরকারি মেডিকেল কলেজে সুযোগ প্রাপ্ত শিক্ষার্থীগণ ভর্তির পর বেসরকারি মেডিকেল কলেজে ভর্তির জন্য আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে প্রাথমিক নিশ্চয়নের শেষ তারিখের মধ্যে শিক্ষার্থীকে সংশ্লিষ্ট সরকারি মেডিকেল কলেজের অধ্যক্ষ্যের অনুমোদনক্রমে ভর্তি বাতিল করে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরকে অবহিত করতে হবে।

২৪. বেসরকারি মেডিকেল কলেজে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ও কোটা নির্ধারনে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল কর্তৃক প্রণীত ও অনুমোদিত 'মেডিকেল কলেজ ও ডেন্টাল কলেজ/ইউনিট এ এমবিবিএস/বিডিএস কোর্সে শিক্ষার্থী ভর্তি নীতিমালা ২০২৫' প্রযোজ্য হবে তবে মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনাদের সন্তানদের জন্য সংরক্ষিত ৫% কোটার ক্ষেত্রে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত অনুযায়ী ভর্তি কার্যক্রম পরিচালিত হবে।

২৫. ভর্তির যোগ্য বেসরকারি কলেজসমূহে কলেজের মোট আসনের সর্বোচ্চ ৪৫% বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। বিদেশি ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে দেশি ছাত্র/ছাত্রী দ্বারা এ আসনসমূহ পূরণ করা যাবে যা কেন্দ্রীয়ভাবে একই প্রক্রিয়ায় নির্ধারণ করা হবে।

২৬. **অনলাইন আবেদনপত্র পূরণের নিয়মাবলি:**

২৬.১ অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে, বুঝে নির্দেশনা অনুযায়ী সতর্কতার সাথে দাখিল করতে হবে। **ফি দেবার পূর্বে আবেদনপত্রে কোন ভুল হলে পুন:রায় অনলাইনে আবেদন সংশোধন করা যাবে তবে ফি জমা দেয়ার পর** দাখিলকৃত আবেদনপত্রের কোনো পরিবর্তন করা যাবে না এবং আবেদনপত্র চুড়ান্তভাবে গৃহীত হবে।

২৬.২ **ভর্তিচ্ছু মেডিকেল কলেজসমূহের নাম নিজের পছন্দের ক্রমানুসারে সাজিয়ে লিখে রাখা প্রয়োজন। এটা করার আগে অভিভাবক/স্বজনদের সাহায্য নেয়া যেতে পারে।** কলেজ কোডগুলো ১০১ থেকে **১৬৭ (**সারণি-**১** দ্রষ্টব্য**)** জানা থাকতে হবে।

**২৬.৩ অনলাইনে ভর্তি পরীক্ষার আবেদন দাখিলের সময় ছেলেদের জন্য ৬১ টি মেডিকেল কলেজ ও মেয়েদের জন্য ৬৭ টি মেডিকেল কলেজের পছন্দক্রম উল্লেখ করা বাধ্যতামূলক। অন্যথায় আবেদন বিবেচিত হবে না।**

২৬.৪ সঠিকভাবে আবেদনপত্র পূরণ হলে Validation Code পূরণ করে Submit Button এ ক্লিক করতে হবে, প্রিভিউ অপসনে প্রার্থী কর্তৃক পূরণকৃত অনলাইন আবেদন দেখা যাবে। আবেদন সঠিক হলে চুড়ান্ত Submit Button এ ক্লিক Applicant Copy PDF version download করতে হবে। Download কৃত Applicant Copy তে User ID থাকায় এই User ID ব্যবহার করে নিচের ফি জমাদান পদ্ধতির মাধ্যমে টেলিটক প্রিপেইড মোবাইল থেকে ফি জমা দিতে হবে।

২৬.৫ **ফি জমা দেয়ার পদ্ধতি :**

আবেদনের সময়:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে:

উদাহরণ: MBBSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং আবেদন ফি হিসেবে ২০০/- (দুইশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: MBBSNG **<Space>YES<Space> ৪৫৬৭৮৯** টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

প্রথম নিশ্চায়নের সময়:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: MBBSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং প্রার্থীর নিশ্চায়ন ফি হিসেবে ১০০/- (একশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: MBBSNG **<Space>YES<Space> ৪৫৬৭৮৯** টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে নিশ্চায়ন ফি বাবদ ১০০/- (একশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

দ্বিতীয় নিশ্চায়নের সময়:

টেলিটকের প্রি-পেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে User ID লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে: উদাহরণ: MBBSNG <Space>FRLGCT টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে FRLGCT হলো ফরম পূরণ করে পাওয়া User ID। ফিরতি SMS -এ একটি PIN, প্রার্থীর নাম এবং প্রার্থীর নিশ্চায়ন ফি হিসেবে ১০০/- (একশত)) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে ১৬২২২ নম্বরে SMS পাঠাতে হবে। Message অপশনে গিয়ে MBBSNG লিখে, স্পেস দিয়ে YES লিখে স্পেস দিয়ে PIN লিখে ১৬২২২ নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণ: MBBSNG **<Space>YES<Space> ৪৫৬৭৮৯** টাইপ করে Send করুন ১৬২২২ নম্বরে। এখানে ৪৫৬৭৮৯ হলো আগের ফিরতি SMS এ পাওয়া PIN নম্বরটি সঠিক ভাবে লেখা হলে উক্ত টেলিটকের প্রি-পেইড মোবাইল থেকে নিশ্চায়ন ফি বাবদ ১০০/- (একশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS - এ আবেদন নিশ্চিত করা হবে।

**সারণী : ১**

| Sl. | College Name | Male/Female | Code | Total Seats Including general Seats and Reserved seats (Foreign quota, Poor merit quota) |
|---|---|---|---|---|
| 1 | Ad din Akij Medical College, Khulna | Male+Female | 101 | 60 |
| 2 | Ad din Bashundhara Medical College, Dhaka | Male+Female | 102 | 50 |
| 3 | Ad din Sakina Women Medical College, Jashore | **Female** | 103 | 75 |
| 4 | Ad din Women Medical college, Dhaka. | **Female** | 104 | 100 |
| 5 | Ahsania Mission Medical College, Dhaka | Male+Female | 105 | 50 |
| 6 | Anwer Khan Modern Medical College, Dhaka. | Male+Female | 106 | 147 |
| 7 | Asgar Ali Medical College, Dhaka. | Male+Female | 107 | 50 |
| 8 | Ashiyan Medical College,Dhaka | Male+Female | 108 | 50 |
| 9 | Bangladesh Medical College,Dhaka. | Male+Female | 109 | 120 |
| 10 | Barind Medical College,Rajshahi | Male+Female | 110 | 105 |
| 11 | BGC Trust Medical College, Chattogram. | Male+Female | 111 | 100 |
| 12 | Bikrampur Bhuiyan Medical College, Munshiganj. | Male+Female | 112 | 57 |
| 13 | Brahmanbaria Medical College, Brahmanbaria | Male+Female | 113 | 60 |
| 14 | Central Medical College, Cumilla | Male+Female | 114 | 80 |
| 15 | Chattogram International Medical College. | Male+Female | 115 | 60 |
| 16 | Chattogram Ma O Shishu Hospital Medical College. | Male+Female | 116 | 115 |
| 17 | City Medical College,Gazipur | Male+Female | 117 | 80 |
| 18 | Community Based Medical College, Mymenshing. | Male+Female | 118 | 140 |
| 19 | Delta Medical college, Dhaka. | Male+Female | 119 | 90 |
| 20 | Dhaka Central International Medical College,Dhaka | Male+Female | 120 | 90 |
| 21 | Dhaka Community Medical College,Dhaka | Male+Female | 121 | 100 |
| 22 | Dhaka National Medical College, Dhaka. | Male+Female | 122 | 130 |
| 23 | Diabetic Association Medical College, Faridpur | Male+Female | 123 | 90 |
| 24 | Dr Sirajul Islam Medical College, Dhaka | Male+Female | 124 | 100 |
| 25 | Eastern Medical College,Cumilla | Male+Female | 125 | 115 |
| 26 | East West Medical College, Dhaka | Male+Female | 126 | 127 |
| 27 | Enam Medical College,Savar, Dhaka | Male+Female | 127 | 155 |
| 28 | Gazi Medical College,Khulna | Male+Female | 128 | 100 |
| 29 | Gonoshasthaya Samaj Vittic Medical College, Savar Dhaka | Male+Female | 129 | 50 |
| 30 | Green Life Medical College, Dhanmondi, Dhaka | Male+Female | 130 | 120 |
| 31 | Holy Family Red Cresent Medical College, Dhaka | Male+Female | 131 | 145 |
| 32 | IBN Sina Medical College, Dhaka. | Male+Female | 132 | 60 |
| 33 | Ibrahim Medical College,Dhaka | Male+Female | 133 | 120 |
| 34 | Institute of Applied Health Sciences,Chattogram | Male+Female | 134 | 80 |
| 35 | International Medical College,Tongi, Gazipur. | Male+Female | 135 | 130 |
| 36 | Islami Bank Medical College, Rajshahi | Male+Female | 136 | 85 |
| 37 | Jahurul Islam Medical College,Kishoreganj | Male+Female | 137 | 100 |
| 38 | Jalalabad Ragib Rabeya Medical College,Sylhet. | Male+Female | 138 | 130 |
| 39 | Khawja Younus Ali Medical College, Sirajganj | Male+Female | 139 | 105 |
| 40 | Khulna City Medical College, Khulna | Male+Female | 140 | 50 |
| 41 | Kumudini Womens Medical College,Tangail. | **Female** | 141 | 120 |
| 42 | Marine City Medical College, Chattogram | Male+Female | 142 | 65 |

| | | | | |
|---|---|---|---|---|
| 43 | Marks Medical College,Dhaka | Male+Female | 143 | 70 |
| 44 | Medical College for Women, Uttara , Dhaka. | **Female** | 144 | 95 |
| 45 | MH Shamarita Medical College, Dhaka | Male+Female | 145 | 115 |
| 46 | Moinamoti Medical College,Cumilla | Male+Female | 146 | 100 |
| 47 | Monowara Sikder Medical College, Shariatpur. | Male+Female | 147 | 50 |
| 48 | Monno Medical College, Manikgonj | Male+Female | 148 | 85 |
| 49 | North Bengal Medical College, Sirajganj | Male+Female | 149 | 85 |
| 50 | North East Medical College,Sylhet | Male+Female | 150 | 125 |
| 51 | Parkview Medical College, Sylhet | Male+Female | 151 | 82 |
| 52 | Popular Medical College, Dhanmondi, Dhaka. | Male+Female | 152 | 105 |
| 53 | President Abdul Hamid Medical College,Kisoreganj | Male+Female | 153 | 95 |
| 54 | Prime Medical College, Rangpur | Male+Female | 154 | 135 |
| 55 | Rangpur Community Hospital Medical College, Rangpur | Male+Female | 155 | 135 |
| 56 | Shahabuddin Medical College, Gulshan, Dhaka. | Male+Female | 156 | 90 |
| 57 | Shaheed Monsur Ali Medical College,Dhaka. | Male+Female | 157 | 140 |
| 58 | South Apollo Medical College, Barishal | Male+Female | 158 | 50 |
| 59 | Southern Medical College, Chattogram | Male+Female | 159 | 65 |
| 60 | Sylhet Women Medical College, Sylhet | **Female** | 160 | 100 |
| 61 | Tairunnessa Medical College, Gazipur | Male+Female | 161 | 105 |
| 62 | TMSS Medical college. Bogura. | Male+Female | 162 | 150 |
| 63 | United Medical College, Gulshan, Dhaka | Male+Female | 163 | 50 |
| 64 | Universal Medical College, Dhaka | Male+Female | 164 | 60 |
| 65 | US Bangla Medical College,Narayangonj | Male+Female | 165 | 60 |
| 66 | Uttara Adhunik Medical College,Dhaka | Male+Female | 166 | 90 |
| 67 | Z.H Sikder Womens Medical College, Dhaka | **Female** | 167 | 100 |
| | **Total=** | | | **6293** |

২৭. বেসরকারি মেডিকেল কলেজের এমবিবিএস কোর্সের বিভিন্ন প্রকার ফি বেসরকারি মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রযোজ্য হবে। কোনো অবস্থাতেই সরকার কর্তৃক নির্ধারিত ফি এর অতিরিক্ত আদায় করা যাবে না। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের চিকিৎসা শিক্ষা-১ শাখার ০৬-১১-২০২৪ খ্রি. তারিখের ৬৪৯ নং স্মারক প্রযোজ্য হবে।

২৮. কলেজ ভিত্তিক নির্বাচিত ভর্তিচ্ছু শিক্ষার্থীকে আবেদনপত্রে যে সকল তথ্য ও সনদপত্র উল্লেখ আছে তার মূল কপি ভর্তির সময় অবশ্যই দাখিল করতে হবে। ভর্তির সময় সংশ্লিষ্ট মেডিকেল কলেজের অধ্যক্ষ কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড নির্বাচিত শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করবেন এবং স্থানীয় ভর্তি কমিটি প্রয়োজনীয় কাগজপত্রাদি যাচাই বাছাই করে যোগ্য শিক্ষার্থীদের ভর্তির সুপারিশ করবেন। ভর্তির পর প্রত্যেক কলেজ কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি, এইচএসসি বা সমমান পরীক্ষার সনদ ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে সত্যতা যাচাই করবেন।

২৯. অটোমাইগ্রেশন ও ঐচ্ছিক মাইগ্রেশন সম্পন্নপূর্বক চূড়ান্তভাবে ভর্তি সম্পন্নের পর কোনো শিক্ষার্থীকে ইন্টার্ণশীপ শেষ না হওয়া পর্যন্ত কোনোভাবেই ভর্তিকৃত এক সরকারি বা বেসরকারি মেডিকের কলেজ হইতে অন্য মেডিকেল কলেজ এ বদলি হওয়া বা করা যাইবে না।

৩০. এমবিবিএস কোর্সের শিক্ষার্থীদেরকে বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমএন্ডডিসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করিতে হইবে। কোর্স শেষে স্ব স্ব মেডিকেল কলেজ হাসপাতালে বিএমএন্ডডিসি নির্ধারিত লগবুক অনুযায়ী এক বছর ইন্টার্নশীপ সম্পন্ন করা সকলের জন্য বাধ্যতামূলক। কোনোক্রমেই অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টার্ণশীপের জন্য মাইগ্রেশন করা যাইবে না;

৩১. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ, বেসরকারি মেডিকেল কলেজ নির্ধারণ ও চূড়ান্তকরণ ডিজিটাল প্রক্রিয়ায় সম্পন্ন করা হবে।

৩২. নির্বাচিত কোন প্রার্থীর দেয়া তথ্য (যা কলেজ নির্ধারনে বিবেচিত হতে পারে) অসম্পূর্ণ ও ভুল প্রমাণিত হলে, তার আবেদন /কলেজ নির্ধারন/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৩৩. যে কোনো বিষয়ে ভর্তি পরীক্ষা কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

Rubina Yasmin 26.1.25


অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
**Email:** medicaledu313@gmail.com

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

স্মারক নং- ৫৯.১৪.০০০০.১০৩.৩১.০০১.২৪. ১০১৯ তারিখ: ২৬-০১-২০২৫ খ্রি.

০১. মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় বিশেষ সহকারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন , শের-এ বাংলা নগর, ঢাকা।
১৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহবাগ, ঢাকা
১৫. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
১৬. উপাচার্য, চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১৭. উপাচার্য, রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
১৮. উপাচার্য, খুলনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা।
১৯. উপাচার্য, সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়, সিলেট।
২০. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট), ঢাকা।
২১. উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ
২২. উপাচার্য, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, আগারগাঁও, ঢাকা।
২৩. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর।
২৪. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২৬. সভাপতি, উপদেষ্টা মন্ডলী, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি (২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ)
২৭. আহবায়ক, ২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষার ওভার সাইট কমিটি
২৮. সভাপতি, এমবিবিএস/বিডিএস ভর্তি পরীক্ষা কমিটি ২০২৪-২০২৫
২৯. সভাপতি, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৩০. চেয়ারম্যান, বাংলাদেশ চিকিৎসা শিক্ষা অ্যাক্রিডিটেশন কাউন্সিল, ঢাকা
৩১. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
৩২. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা
৩৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৪. অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
৩৫. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৬. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা/উপ পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের সার্বিক ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)
৩৭. ডীন, ফ্যাকাল্টি অব মেডিসিন (সকল বিশ্ববিদ্যালয়)ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট
৩৮. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩৯. যুগ্ম-সচিব (চিকিৎসা শিক্ষা অধি শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪০. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪১. উপ-সচিব (চিকিৎসা শিক্ষা -২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪২. অধ্যক্ষ,......................................................................বেসরকারী মেডিকেল কলেজ (সকল)
৪৩. রেজিষ্ট্রার, বিএমএন্ডডিসি, ৮৬, বিজয় নগর, ঢাকা
৪৪. জনসংযোগ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা
৪৫. সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ প্রাইভেট মেডিকেল কলেজ ওনার্স এসোসিয়েশন
৪৬. অফিস কপি।

Rubina Yasmin 26.1.25.


অধ্যাপক ডা. রুবীনা ইয়াসমীন
অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ও সদস্য সচিব
২০২৪-২০২৫ খ্রি. শিক্ষাবর্ষ এমবিবিএস ভর্তি কমিটি
ফোনঃ-৪৮৮১১২০০
**Email:** medicaledu313@gmail.com